Literacy for a Billion

Movie: Baghini
Year: 1968

Song: Sudhu Path Cheye Thaka
Lyricist: Pulak Bandopadhyay

শুধু পথ চেয়ে থাকা
রঙে রঙে ছবি আঁকা
কবে তুমি আসবে বলে
মনে মনে কাছে ডাকা
দুয়ারখানি খুলে রাখা
কবে তুমি আসবে বলে
শুধু পথ চেয়ে থাকা
তোমারি কারনে সাথী
এত যে সাজি
তবুও হৃদয় কাঁপে
কী এত লাজে
সে লাজ দ্বিগুন হয়
যদি না আসো
মালা মোর জ্বালা
হয়ে জ্বলে
শুধু পথ চেয়ে থাকা
রঙে রঙে ছবি আঁকা
কবে তুমি আসবে বলে
শুধু পথ চেয়ে থাকা
আমি স্বপ্নকাজল
চোখে আঁকি
সে কাজল কলঙ্ক হয়ে যায়

আমি স্বপ্নকাজল
চোখে আঁকি
সে কাজল
কলঙ্ক হয়ে যায়
আহা যদি না আমার
দুঁ আঁখি
ঐ আঁখিপল্লবে
মিশে যায়
সাধের প্রদীপ আমি
জ্বালায়ে রাখি
সে আলোয় পথপানে
চেয়ে থাকি
সে আলো আগুন হয়
যদি না আসো
নেভে না সে নয়নজলে
শুধু পথ চেয়ে থাকা
রঙে রঙে ছবি আঁকা
কবে তুমি আসবে বলে
মনে মনে কাছে ডাকা
দুয়ারখানি খুলে রাখা
কবে তুমি আসবে বলে
শুধু পথ চেয়ে থাকা

Disclaimer: PlanetRead does not own these lyrics and is not using them for any commercial purpose. For over 20 years, PlanetRead has been subtitling Bollywood songs for mass literacy. These lyrics are being offered as part of PlanetRead's literacy development initiative.

PlanetRead is a tax-exempt, not-for-profit: 501(c) (3) in the United States and 80(G) in India.